

সাম্প্রতিক কর্মকাণ্ড

চলতি ২০১৯-২০২০ অর্থবছরে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিজ হাতে প্রশ্নপত্র প্রস্তুত ও তা মূল্যায়ণ বিষয়ক প্রশিক্ষণ “Competency based items development marking and test administration” সম্পন্ন হয়েছে, পর্যায়ক্রমে বিষয় ভিত্তিক বাংলা, ইংরেজি, প্রাথমিক বিজ্ঞান, ও বাংলাদেশ ও বিশ্ব পরিচয় বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হবার পর কোভিড-১৯ সংক্রমনের কারণে অন্যান্য প্রশিক্ষণ স্থগিত করা হয়। ২০২০-২১ অর্থবছরে Google meet এ্যাপস্ এর মাধ্যমে বিষয় ভিত্তিক বাংলা ১ টি ব্যাচ অনুষ্ঠিত হয়। যার অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ২৫ জন।

করোনাকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম বন্ধ থাকার কারনে বিকল্প হিসেবে অনলাইন ক্লাসরুম পরিচালনা করার পরিকল্পনা ও বাস্তবায়ন করা হয়। অনলাইন ক্লাস পরিচালনার জন্য শিক্ষকদের জুম এ্যাপস্ ও গুগল মিট পরিচালনা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন এবং তাদের দক্ষ করে তোলা হয়। এর ফলস্মূতিতে বিদ্যালয় ভিত্তিক প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণের সমন্বয়ে গুগল মিট ব্যবহার করে অনলাইন ক্লাস পরিচালিত হয়। উপজেলা রিসোর্স সেন্টার, নওগাঁ সদর কর্তৃক আয়োজিত ফেসবুক ও ওয়েব পোর্টাল ভিত্তিক অনলাইন ক্লাস পরিচালনার করা ও ফলোআপ করা হয়।

করোনা পরবর্তী শ্রেণিভিত্তিক মূল্যায়ণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্কশীট বিতরণ ও মূল্যায়ণ কার্যক্রম কিভাবে পরিচালিত হবে সে বিষয়ে শিক্ষকদের ওরিয়েন্টেশন প্রদান করা হয়। সরকারের সিদ্ধান্তের প্রেক্ষিতে ১২ সেপ্টেম্বর ২০২১ হতে বিদ্যালয়ে ক্লাস পরিচালনার নির্দেশনা বাস্তবায়নের জন্য সরেজমিনে বিদ্যালয় পরিদর্শন ও অনলাইন মিটিং এর মাধ্যমে শিক্ষকদের সচেতনতা সৃষ্টি করা হয়।